

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিপিটি অনুবিভাগ  
সিপি-৩ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

|            |   |
|------------|---|
| সভাপতি     | মো: জাহাজীর হোসেন<br>যুগ্মসচিব (সিপি)   |
| সভার তারিখ | ১৫ ফেব্রুয়ারি, ২০২৪  |
| সভার সময়  | বিকাল ৩.০০ ঘটিকা  |
| স্থান      | যুগ্মসচিব (সিপি), মহোদয়ের অফিস কক্ষ [ভবন নং-৭, নীচ তলা, কক্ষ নং-০৪] জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| উপস্থিতি   | পরিশিষ্ট-'ক'  |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভা আয়োজনের উদ্দেশ্য সম্পর্কে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর [১.১.১] সূচক অনুযায়ী 'সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা' মন্ত্রণালয় কর্তৃক ০৬ মে ২০২৪-এর মধ্যে বাস্তবায়ন করতে হবে। **Government Employee Management System (GEMS)**-এর মাধ্যমে বাস্তবায়নাধীন সংগঠন ব্যবস্থাপনা বিষয়ক সফটওয়্যার (OMS) কে ২০২৩-২০২৪ অর্থবছরে উদ্ভাবনী ধারণা হিসেবে নির্ধারণ করা হয়েছিল। **GEMS**-এর কর্মসূচী পরিচালকের সাথে আলাপ করে জানা যায় নির্ধারিত সময়ের মধ্যে এ ধারণাটি বাস্তবায়িত হতে বিলম্ব হতে পারে। এর পরিবর্তে 'Car Loan Management System' ধারণাটি মার্চ ২০২৪-এর মধ্যে বাস্তবায়িত হবে। সভাপতি উপস্থিত সকলের মতামত জানতে চান। উপস্থিত সকলেই এ বিষয়ে একমত পোষণ করেন। সুতরাং এই উদ্ভাবনটি ২০২৩-২০২৪ সালের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকা এবং লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সচেতন থাকার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন। পূর্ববর্তী বছরের ন্যায় এ বছরও ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ করেন।

০২। ইনোভেশন টিমের সদস্য সচিব ও সিনিয়র সহকারী সচিব, সিপি-৩ জানান যে, প্রতি বছরের মত এ বছরও আটটি বিভাগে ইনোভেশন শোকেসিং আয়োজন করা হবে। ইতিমধ্যে বিভাগীয় কমিশনারদের অনুকূলে বরাদ্দ প্রেরণ করা হয়েছে। বিগত বছরের চেয়ে এ বছরের বরাদ্দ বেশি। শোকেসিং সম্পন্ন হওয়ার পরে একটি সংকলন প্রকাশ করা যেতে পারে। বিগত ২০২৩ সালের বাছাইকৃত উদ্ভাবন ও ২০২৪ সালের ইনোভেশন নিয়ে একটি সংকলন প্রকাশ করা যেতে পারে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ১) ২০২৩-২০২৪ অর্থবছরে উদ্ভাবনী ধারণা হিসেবে 'Car Loan Management System' ধারণাটি নির্ধারণ করা হল।
- ২) ২০২৩ ও ২০২৪ সালের বাছাইকৃত উদ্ভাবন নিয়ে একটি সংকলন তৈরি করা যেতে পারে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সাথে আলোচনাপূর্বক সিদ্ধান্ত নেয়া হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: জাহাঙ্গীর হোসেন  
যুগ্মসচিব (সিপি)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০৫.০০১.২৩.১৬

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩০

২৯ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) উপসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) উপসচিব, প্রশাসন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) উপসচিব, বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৫) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) উপসচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৭) সিনিয়র সহকারী সচিব, শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৮) সিনিয়র সহকারী সচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়

১০) ব্যক্তিগত কর্মকর্তা, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব, সিপিটি মহোদয়ের সদয় অবগতির জন্য)

১১) ব্যক্তিগত কর্মকর্তা, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব, সিপি মহোদয়ের সদয় অবগতির জন্য)।



মো: হাফিজুর রহমান  
সিনিয়র সহকারী সচিব